

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা)
১১৫, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫।



স্মারক নং: ৪১.০৫.০০০০.০০০.০৪.০০৪.২১-২৯৪

তারিখঃ ০৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশুর মাতা-পিতা/ অভিভাবক এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২২

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের আওতায় ২০২১-২২ অর্থ বছরের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী) ব্যক্তিদের পরিচর্যার কাজে নিয়োজিত এনডিডি শিশু/ ব্যক্তিদের পিতা-মাতা/ অভিভাবকগণ এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকদের কার্যক্রম সুচারুভাবে পরিচালনার জন্য এনডিডি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হবে। বৈশ্বিক করোনা পরিস্থিতি বিবেচনায় প্রত্যক্ষ প্রশিক্ষণের পরিবর্তে অনলাইনভিত্তিক জুম প্ল্যাটফর্মে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে তবে করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে প্রত্যক্ষ প্রশিক্ষণের আয়োজন করা হবে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী (১) এনডিডি শিশু/ ব্যক্তিদের পিতা-মাতা/ অভিভাবকগণ এবং (২) এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণ আবেদন করতে পারবেন। আবেদন ফরম সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্টের প্রধান কার্যালয় (পদ্মা লাইফ টাওয়ার (১৪ তলা), ১১৫, কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, বাংলামোটর, ঢাকা-১২১৫)-এ হার্ড কপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, মাতা-পিতা/ অভিভাবক এবং এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণের জন্য নির্ধারিত **আবেদন ফরম** এবং **নির্দেশনাবলী** নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কার্যালয়ের www.nddtrust.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। **১ম ব্যাচ হতে ৩য় ব্যাচ পর্যন্ত আবেদন দাখিলের শেষ তারিখ ০৯ সেপ্টেম্বর ২০২১ এবং অন্যান্য ব্যাচ এর ক্ষেত্রে ১০ অক্টোবর ২০২১।** স্বীকৃতিপ্রাপ্ত ও এমপিওভুক্ত এনডিডি বিদ্যালয়ের শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া হবে। নন-এনডিডি শিক্ষকগণের আবেদন গ্রহণযোগ্য নহে। অসম্পূর্ণ এবং ই-মেইলে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক্রমিক নং	এনডিডি শিশুর অভিভাবক প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ	এনডিডি স্কুলের শিক্ষক প্রশিক্ষণের সম্ভাব্য তারিখ
১ম ব্যাচ	১২ সেপ্টেম্বর থেকে ২২ সেপ্টেম্বর ২০২১	১২ সেপ্টেম্বর থেকে ১৯ সেপ্টেম্বর ২০২১
২য় ব্যাচ	২৯ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর ২০২১	২২ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বর ২০২১
৩য় ব্যাচ	১৮ অক্টোবর থেকে ৩০ অক্টোবর ২০২১	০৩ অক্টোবর থেকে ১০ অক্টোবর ২০২১
৪র্থ ব্যাচ	২১ নভেম্বর থেকে ১ ডিসেম্বর ২০২১	০১ নভেম্বর থেকে ০৮ নভেম্বর ২০২১
৫ম ব্যাচ	১৯ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর ২০২১	০৭ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর ২০২১
৬ষ্ঠ ব্যাচ	১৯ জানুয়ারী থেকে ২৯ জানুয়ারী ২০২২	০৫ জানুয়ারী থেকে ১২ জানুয়ারী ২০২২
৭ম ব্যাচ	১৭ ফেব্রুয়ারী থেকে ১ মার্চ ২০২২	০৭ ফেব্রুয়ারী থেকে ১৪ ফেব্রুয়ারী ২০২২
৮ম ব্যাচ	২০ মার্চ থেকে ০৫ এপ্রিল ২০২২	০৬ মার্চ থেকে ১৩ মার্চ ২০২২
৯ম ব্যাচ	১২ মে থেকে ২৩ মে ২০২২	১০ এপ্রিল থেকে ১৯ এপ্রিল ২০২২
১০ম ব্যাচ	২৬ মে থেকে ০৪ জুন ২০২২	২৬ মে থেকে ০২ জুন ২০২২

ড. মো: আনোয়ার উল্লাহ্ এফসিএমএ
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
ই-মেইলঃ nddptrust@gmail.com
টেলিফোনঃ ০২-৪৮৩২২৬৭৪
মোবাইল: +৮৮০-১৭৩৩-০৩৫-৫৫৩